

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫(২).১২০৫

১৯ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখ: ০২ জুন ২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ বঙ্গবন্ধু কিংবা তাঁর পরিবারের নামে কোন ধরনের কার্যক্রম গ্রহণের পূর্বে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট' এর অধীন ট্রাস্টি বোর্ড এর অনুমোদন গ্রহণ সংক্রান্ত।

জেলা পরিষদের মাধ্যমে জাতির পিতার মুর্যাল নির্মাণসহ বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের নামে বিভিন্ন প্রকল্পের নামকরণের অনুমোদন দেয়ার জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়ে থাকে। গত ৪ অক্টোবর, ২০১১ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় অন্যান্য সিদ্ধান্তের সাথে নিম্নোক্ত সাধারণ সিদ্ধান্ত গৃহীত হয়:

“ বঙ্গবন্ধু কিংবা তাঁর পরিবারের নামে কোন ধরনের কার্যক্রম গ্রহণের পূর্বে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট' এর অধীন ট্রাস্টি বোর্ড এর অনুমোদন নিতে হবে।”

২। এমতাবস্থায়, জাতির জনক বঙ্গবন্ধু কিংবা তাঁর পরিবারের নামে কোন ধরনের কার্যক্রম গ্রহণের পূর্বে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট' এর অধীন ট্রাস্টি বোর্ড এর অনুমোদন নিয়ে প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

..... জেলা পরিষদ

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান,, জেলা পরিষদ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।